210

ভোরের কাগজ

তারিখ ... JUL 23 1999
পৃষ্ঠা ৪ কলাম ১

## শিক্ষামন্ত্রী ও ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটি সমীপে

কয়েকদিন আগে বিভিন্ন জাতীয় দৈনিকে ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটির মাধ্যমে বিভিন্ন ব্যাংকে কিছু লোক নিয়োগ করা হবে বলে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। শর্ত হিসেবে বলা হয়েছে শিক্ষাজীবনে কোনো ক্ষেত্রে তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য হবে না। যেখানে বিসিএস পরীক্ষায় কোনো শ্রেণী না চেয়ে পয়েন্ট চাওয়া হয়, সেখানে এই শর্তজুড়ে দেওয়ায় কয়েক হাজার ছাত্র উক্ত পরীক্ষায় অংশ নিতে পারছে না। অধিকন্তু তাদের সরকারি চাকরি করার ক্ষেত্রে নির্ধারিত ৩০ বছরও প্রায় শেষের পথে। এছাড়া উক্ত কমিটি উল্লেখ করেছে নির্বাচিত প্রার্থীদের ছয়মাস প্রশিক্ষণ দিয়ে তারপর বিভিন্ন ব্যাংকে নিয়োগ দান করবে। এক্ষেত্রে, তৃতীয় শ্রেণী পাওয়া ছাত্ররাও প্রশিক্ষণের মাধ্যমে ভালো করতে পারবে। আমাদের দেখা ও জানা মতে, অনেক ছাত্র অনার্সে ২য় শ্রেণী পেয়েছে কিন্তু মাস্টার্সে তৃতীয় শ্রেণী পেয়েছে। তারপরও উক্ত পরীক্ষায় অংশ নিতে পারছে। কেননা তারা দরখাস্তের সঙ্গে মাস্টার্সের সার্টিফিকেট দেয়নি। কিন্তু অনেক ছাত্র আমাদের মতো দুর্ভাগ্যক্রমে অনার্সে তৃতীয় শ্রেণী পেয়েছে কিন্তু মাস্টার্সে ঠিকই দ্বিতীয় শ্রেণী পেয়েছে তারপরও উক্ত পরীক্ষায় অংশ নিতে পারছে না।

মাননীয় শিক্ষামন্ত্রী আপনি হয়তো এখানে হস্তক্ষেপ করবেন না, কিন্তু আপনি যদি ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটিকে অনুরোধ করেন, তাহলে তারা হয়তো আপনার অনুরোধ ফেলবেন না। আমাদের যদি একটি সপ্তাহ সুযোগ দিয়ে বিজ্ঞপ্তি দেওয়া হয় এবং প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ দেওয়া হয় তাহলে আমরা উপকৃত হবো এবং চাকরির জন্য শেষ একটা চেষ্টা করবো।

অসীম, রেজাউল, সেলিম
জিন্দাবাজার, সিলেট।